গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি শাহ্ সুলতান কলেজ, বগুড়া।

বিজ্ঞপ্তি নং- সশাসুক/বগ/২০২৪/-১৫১৫ তারিখ : ১০/১২/২০২৪

এতদ্বারা অত্র কলেজের ২০২২-২৩ শিক্ষাবর্ষের (নিয়মিত), অনিয়মিত, অকৃতকার্য ও মানউন্নয়ন ডিগ্রী পাস কোর্সের ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, ২০২৩ সালের ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ ফরম পূরণের সংশোধিত ও বর্ধিত তারিখ, ফিসের বিবরণ ও অন্যান্য তথ্যাদি নিম্নে প্রদত্ত হলো।

**ফরম পূরণের সময়সূচি**

| বিভাগ | ফরম পূরণের বর্ধিত তারিখ | প্রিন্টকৃত ফরম কলেজে জমা দেয়ার শেষ তারিখ | জমার স্থান ও সময় |
|---|---|---|---|
| বিএ<br>বিএসএস<br>বিবিএস/বিএসসি | ১০/১২/২০২৪ থেকে ১৫/১২/২০২৪ পর্যন্ত | ১৭/১২/২০২৪ | বাংলা বিভাগ<br>সকাল ১০টা হতে বেলা-২.০০টা পর্যন্ত |

| ক্রমিক নং | বিবরণ | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১. | জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফি | ৮০০.০০ |
| ২. | কেন্দ্র ফি | ৪৫০.০০ |
| ৩. | নির্বাচনী পরীক্ষার ফি | ৩৫০.০০ |
| ৪. | ব্যবস্থাপনা ফি | ৫০.০০ |
| | মোট= | ১৬৫০.০০ |

রূপালী ব্যাংক শিওর ক্যাশে টাকা জমার বিবরণী :
১। জাতীয় বিশ্ববিদ্যালয় ও অন্যান্য পাওনাদি **১৬৫০.০০ (এক হাজার ছয়শত পঞ্চাশ) টাকা।**

**নিয়মিত ছাত্রছাত্রীদের রুপালী ব্যাংক শিওর ক্যাশে (Keyword:GSSCBD) টাকা জমার বিবরণী:**
**রূপালী ব্যাংক শিওর ক্যাশে টাকা পেমেন্ট পদ্ধতি:**
**মোবাইল হ্যান্ডসেট থেকে *495# → Payment → Keyword → Registration No → PinNo → Send**

নির্দেশনা :
১. নিয়মিত পরীক্ষার্থীদেরকে রূপালী ব্যাংক শিওর ক্যাশের মাধ্যমে উল্লিখিত পরিমাণ টাকা (প্রযোজ্যক্ষেত্রে) জমা দিয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (**www.nubd.info/formfillup**) থেকে আবেদন পত্র ডাউনলোড করে রূপালী ব্যাংক শিওর ক্যাশে টাকা জমা দেওয়ার ট্রানজেকশন আইডি আবেদন ফরমের উপর লিখে রেজিস্ট্রেশন কার্ড এর ফটোকপি সংযুক্ত করে আবেদন ফরম বাংলা বিভাগে জমা দিতে হবে।

২. অনিয়মিত / গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদেরকে কলেজের ক্যাশ কাউন্টারে টাকা জমা দিতে হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (**www.nubd.info/formfillup**) থেকে আবেদনপত্র ডাউনলোড করে ডাউনলোডকৃত আবেদন ফরমে উল্লিখিত টাকার সঙ্গে ৫০০/- (কেন্দ্র ফি ৪৫০/- ও ব্যবস্থাপনা ফি ৫০/-) যোগ করে মোট টাকা ক্যাশ কাউন্টারে জমা দিতে হবে। আবেদন ফরমের সঙ্গে রেজিস্ট্রেশন কার্ড, ডিগ্রি পাস কোর্স ১ম বর্ষ পরীক্ষার প্রবেশপত্র, ফলাফল শিটের প্রত্যেকটির ১টি করে ফটোকপি সংযুক্ত করে বাংলা বিভাগে জমা দেওয়ার জন্য বলা হলো।

প্রতিস্বাক্ষর
১০/১২/২০২৪
অধ্যক্ষ
সরকারি শাহ্ সুলতান কলেজ, বগুড়া।
অধ্যক্ষ
সরকারি শাহ সুলতান কলেজ
বগুড়া।

10.12.24
আহ্বায়ক
ডিগ্রি পাস কোর্স ১ম ও ২য় ইনকোর্স পরীক্ষা ও
২০২৩ সালের ডিগ্রি পাস কোর্স ১ম বর্ষ ফরম পূরণ কমিটি
সরকারি শাহ্ সুলতান কলেজ, বগুড়া।

অবগতির জন্য কপি প্রেরিত হলোঃ
১. উপাধ্যক্ষ, অত্র কলেজ।
২. আহ্বায়ক, ২০২৩ সালের ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ ফরম পূরণ কমিটি।
৩. প্রধান সহকারী, হিসাবরক্ষক ও ক্যাশিয়ার অত্র কলেজ।
৪. কলেজ ওয়েবসাইট।
৫. সংরক্ষণ নথি।

H:\Office 26-12-2018\Board-NU\National University\Degree Fill Up 1st year Exam-2023 Rezaul Sir-Rezoan Sir\Tk Notice Degree 1st year 2023.doc

2226
09/12/2024

# জাতীয় বিশ্ববিদ্যালয়
## বাংলাদেশ
### পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

স্মারক নং ০৫(৫৩৩) জাতীঃবিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০২৩/৫২২২

তারিখ : ০৯/১২/২০২৪

**২০২৩ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণের সংশোধিত ও সময় বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি**

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৩ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণ নিম্নবর্ণিত তারিখ অনুযায়ী Online-এ সম্পন্ন করা হবে। উক্ত সময়ের মধ্যে ফরম পূরণের যাবতীয় কাজ সম্পন্ন করতে হবে। নির্ধারিত তারিখের পর ফরম পূরণের যাবতীয় কার্যক্রম স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে বিধায় যথাসময়ে পরীক্ষার্থী ও কলেজকে ফরম পূরণ সম্পর্কিত সকল কাজ সম্পন্ন করতে হবে।

ফরমপূরণ, শিক্ষার্থীর ডাটা এন্ট্রি নিশ্চয়ন ও সোনালী সেবার মাধ্যমে টাকা জমা দেয়ার তারিখ:

| বিবরণ | তারিখ |
|---|---|
| পরীক্ষার্থী কর্তৃক অনলাইনে ফরম পূরণের আবেদন করার তারিখ | ১০/১২/২০২৪ হতে ১৫/১২/২০২৪ পর্যন্ত |
| শিক্ষার্থী কর্তৃক প্রিন্টকৃত ফরম কলেজে জমা দেয়ার শেষ তারিখ | ১৭/১২/২০২৪ |
| শিক্ষার্থীর ডেটা নিশ্চয়ন করার তারিখ (কলেজ কর্তৃক) | ১৮/১২/২০২৪ হতে ১৯/১২/২০২৪ পর্যন্ত |
| সোনালী সেবার মাধ্যমে টাকা জমার তারিখ (কলেজ কর্তৃক) | ২২/১২/২০২৪ হতে ২৩/১২/২০২৪ পর্যন্ত |

অনুচ্ছেদ-৩(ঙ)ঃ এক বা একাধিক কোর্সে অকৃতকার্য ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের এবং ২০১৭ সালের রেজিস্ট্রেশনকৃত (প্রাইভেট) শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হওয়ায় সর্বসাকুল্যে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা ফি প্রদান সাপেক্ষে যে সকল শিক্ষার্থী ২য় ও ৩য় বর্ষের সকল বিষয়ে কৃতকার্য হয়েছে তারা বিশেষ বিবেচনায় শুধুমাত্র ২০২৩ সালের ১ম বর্ষ পরীক্ষায় বিশেষ পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের এবং ২০১৭ সালের রেজিস্ট্রেশনকৃত (প্রাইভেট) যেসকল শিক্ষার্থী ২য় ও ৩য় বর্ষে অকৃতকার্য হয়েছে তারা ২০২৩ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। শর্ত থাকে যে, ২০২৩ সালের ১ম বর্ষ পরীক্ষায় ফরম পূরণ না করলে, ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে পুনরায় অকৃতকার্য হলে ভবিষ্যতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আর কোন আবেদন করতে পারবে না।

সংশোধিত অনুচ্ছেদ-৩(ঙ)ঃ এক বা একাধিক কোর্সে অকৃতকার্য ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের এবং ২০১৭ সালের রেজিস্ট্রেশনকৃত (প্রাইভেট) শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হওয়ায় সর্বসাকুল্যে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা ফি প্রদান সাপেক্ষে যে সকল শিক্ষার্থী ২০২২ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেছে ও ২০২২ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকট কোর্স ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করবে তারা ২০২৩ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকট কোর্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। শর্ত থাকে যে, ২০২৩ সালের ১ম বর্ষ পরীক্ষায় ফরম পূরণ না করলে, ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে পুনরায় অকৃতকার্য হলে ভবিষ্যতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আর কোন আবেদন করতে পারবে না।
(প্রতি বর্ষে ভর্তির সময় ২৫০/- টাকা হারে ইন-কোর্স (নিয়মিত, প্রাইভেট ও সার্টিফিকেট কোর্স) ফি সংশ্লিষ্ট কলেজ গ্রহণ করে ইন-কোর্স পরীক্ষা সম্পন্ন করবে)

উল্লেখ্য ইতোপূর্বে স্মারক নং ০৫(৫৩৩) জাতীঃবিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০২৩/৫১৬৭, তারিখ : ০৩/১১/২০২৪ ইং মোতাবেক প্রকাশিত বিজ্ঞপ্তির অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

বিঃ দ্রঃ

১। উক্ত পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য শুধুমাত্র বিশ্ববিদ্যালয় ওয়েব-সাইট www.nu.ac.bd /www.nubd.info মারফত জানানো হবে। সংশ্লিষ্ট কলেজ ও কেন্দ্রের অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তাকে এ ওয়েব-সাইট থেকে তথ্য সংগ্রহ করে নোটিশ বোর্ডে প্রকাশ করতে হবে এবং সংশ্লিষ্ট ছাত্রছাত্রী/অভিভাবককে অবহিত করতে হবে।

২। ফরমপূরণের আবেদন নিশ্চিত করতে প্রয়োজনীয় ফিসহ আবেদন ফরমটি কলেজের সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে, অন্যথায় প্রবেশপত্র ইস্যু করা হবে না এবং পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

(মোঃ এনামুল করিম)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
ফোন : ০২-৯৯৬৬৯১৫১৭ (অফিস)
ই-মেইল ঃ controller@nu.ac.bd

স্মারক নং ০৫(৫৩৩) জাতীঃবিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০২৩/৫২২২

তারিখ : ০৯/১২/২০২৪

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। ডীন, স্নাতক পূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয়
২। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩। পরিচালক (অর্থ ও হিসাব), জাতীয় বিশ্ববিদ্যালয়
৪। পরিচালক, তথ্য, পরামর্শ ও নির্দেশনা ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫। পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা, ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স পাঠদানকারী সংশ্লিষ্ট কলেজসমূহ
৭। অফিস কপি।

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স শাখা
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
ই-মেইলঃ nudegreepassexam@gmail.com